শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

মন্দিরের এক নেতা যীশুর কাছে এল

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Byron Unger; Lazarus

অভিযোজন: M. Maillot; Sarah S.

Alastair Paterson

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

একদিন যীশু মন্দিরে গেলেন। তিনি দেখলেন, লোকেরা ঈশ্বরের গৃহকে অসম্মান করছে। মন্দিরের সামনে তারা পশু বিক্রি ও পয়সা আদান-প্রদান করছিল।

তিনি দড়ি দিয়ে একটি চাবুক বানালেন, আর আদান-প্রদানকারীদের মন্দির থেকে তাড়িয়ে দিলেন। তিনি আদেশ করলেন, “এগুলো এখান থেকে নিয়ে যাও, আমার পিতার গৃহকে ব্যবসার স্থান কোরো না।” যীশু তাঁর পিতার গৃহকে ভালোবাসতেন।



নেতারা যীশুর কাছে দাবি করল যে, কোনও অলৌকিক চিহ্ন দেখান, যাতে বোঝা যায় যে, তাঁর মন্দির শুদ্ধ করার অধিকার আছে।



যীশু উত্তর দিলেন, “মন্দিরটি ভেঙ্গে ফেল, তিনদিনে আমি আবার তা বানাব।”

অসম্ভব! ছেচল্লিশ বছর লেগেছে এই মন্দিরটা বানাতে।

যীশু কিন্তু তাঁর দেহের কথা বলেছিলেন। মন্দিরের মতো, তাঁর শরীর ছিল ঈশ্বরের বাসস্থান। যদিও যীশু ক্রুশে মারা যাবেন, তিনি জানতেন যে, ঈশ্বর তিনদিনে তাঁকে মৃতদের মধ্য থেকে উঠাবেন।

মন্দিরের এক নেতা রাত্রেবেলা যীশুর সাথে সাক্ষাৎ করতে এলেন। যীশুর অলৌকিক কাজ দেখে তিনি বুঝতে পেরেছিলেন যে, যীশু ঈশ্বর দ্বারা প্রেরিত। ঈশ্বর সম্বন্ধে আরও জানার জন্য নীকদীম যীশুর কাছে এসেছিলেন।

যীশু নীকদীমকে বললেন, ঈশ্বরের রাজ্যে প্রবেশ করতে হলে লোকদের নতুন জন্ম গ্রহণ করা দরকার। নীকদীম বুঝতে পারল না। একজন বয়স্ক মানুষ শিশু হতে পারে? একজন ধর্মীয় নেতা হওয়াটা কি যথেষ্ট ছিল না?

যীশু ব্যাখ্যা করলেন, “যে কেউ আত্মায় জন্মায়, সে আত্মিক। ঈশ্বরের আত্মা কপোতের মতো। লোকেরা বাতাসকে দেখতে ও বুঝতে পারে না। শুধু বাতাস যা করে, তারা তা দেখতে পায়।”

যীশু নীকদীমকে স্মরণ করিয়ে দিলেন যে, অনেক দিন আগে, ইস্রায়েল সন্তানেরা মোশিকে অভিযোগ করেছিল। তারা বলেছিল, "আমাদের খাবার নেই, জল নেই এবং ঈশ্বর যে রুটি দেন, তা ঘৃণা করি।"

লোকদের পাপে ঈশ্বর ক্রুদ্ধ হয়েছিলেন। তিনি জ্বলন্ত সাপ পাঠালেন তাদের মধ্যে। সেই সাপগুলো অনেক লোকদের কামড়ালো, তাতে অনেকে মারা গেল।



তারা অনুনয় করল, “আমরা পাপ করেছি, প্রার্থনা করুন যেন ঈশ্বর সাপকে আমাদের মধ্য থেকে নিয়ে নেন।” সুতরাং মোশি তাদের জন্য প্রার্থনা করল। কিন্তু ঈশ্বর সাপকে তাদের মধ্য থেকে সরালেন না।

ঈশ্বর মোশিকে বললেন, “একটি জ্বলন্ত সাপ তৈরি কর ও উঁচু স্তম্ভের উপরে দাঁড় করাও। যারা সাপের কামড় খেয়েছে, তারা ঐ স্তম্ভের সাপের দিকে তাকালে বাঁচবে।”

ঈশ্বর প্রতিজ্ঞা করলেন। মোশি একটি ব্রোঞ্জের সাপ তৈরি করল এবং যারা সেটির দিকে তাকিয়েছিল, তারা সুস্থ হয়েছিল।

যীশু নীকদীমকে বললেন যে,

মনুষ্য পুত্রকে আবশ্যই ঐ সাপের মতো উঁচুতে ওঠানো হবে।

যীশু ক্রুশের কথা বলছিলেন,
যেখানে পাপীদের জন্য
তাঁকে মরতে
হবে।

যীশু বললেন, “ঈশ্বর জগৎকে
এমন প্রেম করলেন যে,
তিনি তাঁর
একমাত্র পুত্রকে
দিলেন, ...

... যেন যে কেউ তাঁকে
বিশ্বাস করে, সে বিনষ্ট না
হয়, কিন্তু অনন্ত
জীবন পায়।”

এর মানে, যে কেউ যীশুকে বিশ্বাস করে, সেই ঈশ্বরের পরিবারে জন্মগ্রহণ করে।

বোধহয় সেই রাতে নীকদীম যীশুর শিষ্যত্ব গ্রহণ করেনি,
কিন্তু কয়েক বছর পরে নীকদীম
দেখিয়েছিল যে, ...

... তিনি যীশুকে ভালোবাসেন ও বিশ্বাস করেন, যার ফলস্বরূপ ক্রুশারোপিত ঈশ্বরের পুত্রকে কবরস্থ করতে তিনি সাহায্য করেছিলেন।

এর পরে, যীশু ও তাঁর শিষ্যরা উত্তরের দিকে যাত্রা করতে বেরিয়ে পড়ল। অন্য লোকদেরও ঈশ্বরের রাজ্য সম্বন্ধে শোনার প্রয়োজন আছে এবং ঈশ্বরের পুত্র নাসরতীয় যীশুর উপর বিশ্বাস করার সুযোগ আছে।



মন্দিরের এক নেতা যীশুর কাছে এল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যোহন ২-৩; গণনাপুস্তক ২১

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬